



## পারস্পরিক আস্থায় গড়ে ওঠা বাংলাদেশ-সৌদি আরবের দৃঢ় বন্ধুত্ব: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশ ও সৌদি আরবের সম্পর্ক কেবল ধর্মীয় নয়, বরং পারস্পরিক আস্থার ভিত্তিতে দীর্ঘমেয়াদি বন্ধুত্বে পরিণত হয়েছে। দুই দেশের ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে সৌদি আরব-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি।

পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন মঙ্গলবার (৭ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে সৌদি আরব-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্বোধনী অনুষ্ঠানে মন্তব্য করেন, “বাংলাদেশ ও সৌদি আরবের সম্পর্ক শুধু ধর্মীয় বন্ধুত্বের ওপর নির্ভর করে না, এটি পারস্পরিক আস্থার ভিত্তিতে দীর্ঘমেয়াদি বন্ধুত্বের উদাহরণ।”

তিনি বলেন, নতুন এই চেম্বার দুই দেশের বিনিয়োগ ও বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিশেষভাবে বন্দর, বিদ্যুৎ, জ্বালানি ও মেগা প্রকল্পে সৌদি ব্যবসায়ীদের অংশগ্রহণের আহ্বান জানান। পাশাপাশি, সরকার ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ বলে উল্লেখ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি বিএনপি নেতা ড. আব্দুল মঈন খান বলেন, স্বাধীনতার ৫৩ বছর পর এসে এমন একটি চেম্বারের জন্ম আশা ও উত্তেজনা উদ্ভেক করছে। অনুষ্ঠানে সৌদি প্রতিনিধি দলের ২০ সদস্যসহ দুই দেশের ব্যবসায়ী ও কূটনৈতিক মহলের শতাধিক প্রতিনিধি উপস্থিত ছিলেন।